অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বিধ্বংসী ঝড়ো বাতাসের ব্যাপারে নিউ ইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য দেন এবং ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (DEPARTMENT OF FINANCIAL SERVICES, DFS) এর ভ্রাম্যমান কমান্ড ইউনিট মোতায়েন করেন

ঝড় কবলিত এলাকায় পূর্ব থেকে গভর্নরের রিসোর্স মোতায়েন এবং ঝড়ের পূর্বে জরুরি অপারেশন সেন্টার সক্রিয় করার ফলে প্রত্যাশার চেয়ে কম বিদ্যুৎ বিভ্রাট হয়েছে

বিমার আওতায় সহায়তা প্রদানের জন্য DFS এর সরবরাহকৃত কর্মী সম্বলিত ভ্রাম্যমান কমান্ড ইউনিট মোতায়েন করা হয়েছে

বিদ্যুৎ সরবরাহ ফিরিয়ে দেয়ার জন্য উপযোগ কোম্পানির সাথে যৌথভাবে কাজ করছে ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (Department of Public Service) - উপযোগ কোম্পানিগুলোর অনুমান আগামীকালের শেষ নাগাদ 95 শতাংশ বিদ্যুৎ সরবরাহ ফিরিয়ে দেয়া যাবে।

স্টেট পুলিশ খালি ট্রেইলার চলাচলে নিষেধাজ্ঞা লঙ্ঘনের ব্যাপারে বাণিজ্যিক যানবাহন অপারেটরদের কাছে 70 টিরও বেশি দৃষ্টান্ত উল্লেখ করেছে।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো গত রবিবার ও সোমবারে দিনব্যাপী স্টেটের অধিকাংশ এলাকায় অত্যন্ত বিপজ্জনক ও বিধ্বংসী বায়ু প্রবাহ আনয়নকারী তীব্র ঝড়ের পরে স্টেটের পুনরুদ্ধার ও সাড়াদান প্রচেষ্টার ব্যাপারে আজ নিউইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য জানিয়েছেন। গভর্নর বিমা আছে এমন বাসিন্দাদের সহায়তা করার জন্য স্টেট ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর ভ্রাম্যমান কমান্ড ইউনিট মোতায়েন করেছেন। তাছাড়া, গভর্নর ঘোষণা করেন যে, স্টেট পুলিশ বাণিজ্যিক যানবাহন অপারেটরদের কাছে খালি ট্র্যাক্টর ট্রেইলার ও খালি টেন্ডেম চলাচলে নিষেধাজ্ঞা লঙ্ঘনের ব্যাপারে 70 টিরও বেশি দৃষ্টান্ত পেশ করেছে - যা নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে, নিউ ইয়র্ক সিটির মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) পরিচালিত সাতটি ব্রিজ এবং পোর্ট অথোরিটি পরিচালিত বেঅন ব্রিজের বিভিন্ন অংশে এখনো কার্যকর আছে।

বর্তমানে, বিদ্যুৎ লাইন ও অন্যান্য অবকাঠামোতে বায়ু প্রবাহজনিত ক্ষতির কারণে 61,452 জন নিউইয়র্কবাসী বিদ্যুৎ সেবার বাইরে আছেন। উপযোগ কোম্পানিগুলোর অনুমান আগামীকালের শেষ নাগাদ স্টেটব্যাপী 95 শতাংশ বিদ্যুৎ সরবরাহ ফিরিয়ে দেয়া হবে। স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস উপযোগ কোম্পানিগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে যাতে তারা নিশ্চিত করতে পারে যে তাদের প্রায় 7,000 কর্মী, যাদের 1,700 কর্মী স্টেটের বাইরে থেকে আগত, যথাসম্ভব তাড়াতাড়ি বিদ্যুৎ সরবরাহ ফিরিয়ে দেয়ার জন্য তাদের সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছে। ঝড় কবলিত এলাকায় পূর্ব থেকে গভর্নর কুওমোর স্টেটের রিসোর্স মোতায়েন এবং ঝড়ের

পূর্বে জরুরি অপারেশন সেন্টার সক্রিয় করার ফলে প্রত্যাশার চেয়ে কম বিদ্যুৎ বিভ্রাট হয়েছে। বায়ু প্রবাহ দিন শেষে হ্রাস পেতে শুরু করবে, তবে, সেন্ট্রাল নিউ ইয়র্কের পূর্বাঞ্চলগুলো আজ রাতে ঘন্টায় 60 মাইল বেগের দমকা হাওয়া অভিজ্ঞতা লাভ করতে পারে।

"প্রকৃতি মাতা আমাদের আরেকটি পরীক্ষার সম্মুখীন করেছে তবে সবাই এই তীব্র ঝড়ের প্রভাব কমানোর জন্য যা করা প্রয়োজন তাই করেছে", **গভর্নর কুওমো বলেছেন।** "এই ক্ষেত্রে আমরা যে প্রস্তুতি গ্রহণ করেছি তা সফল হয়েছে, তবে বিদ্যুৎ ছাড়া একদিন চলাও অনেক কষ্টকর এবং যত তাড়াতাড়ি সম্ভব বিদ্যুৎ সরবরাহ ফিরিয়ে দেয়ার জন্য আমরা উপযোগ সংস্থাগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছি। আমরা আশা করছি আগামীকালের শেষ নাগাদ 95 শতাংশ বিদ্যুৎ সরবরাহ ফিরিয়ে দেয়া যাবে। স্টেটের কিছু অংশ এখনো বিপজ্জনক পরিস্থিতি দেখছে এবং আমি নিউইয়র্কবাসীদের ভ্রমণ করার সময় সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ জানানো অব্যাহত রাখছি।"

উপরন্তু, গভর্নর ঝড়ের ক্ষয়ক্ষতি জরিপ করেছেন এবং নায়াগ্রা নদীতে আইস বুম এবং আইস ব্রেকিং কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিস্থিত স্বাভাবিক হলে NYPA আইস বুম পরিদর্শন করবে এবং প্রয়োজনে মেরামত কাজ সম্পাদন করবে। আইস ব্রেকার বোটগুলো আগামী তিন দিনের জন্য দিনে 24 ঘন্টা বা প্রয়োজনে তার চেয়ে বেশি সময়ের জন্য মোতায়েন করা হবে। NYPA এর আইস বুম ও আইস ব্রেকিং কার্যক্রম সম্পর্কে আরো জানতে, এখানেক্লিক করুন।

গভর্নর ইতোমধ্যে জড় পরবর্তী আবর্জনা পরিষ্কারে সহায়তার জন্য ন্যাশনাল
গার্ডের 250 জন সদস্যকে সক্রিয় করেছেন।

প্রতি ঘন্টায় 50 থেকে 65 মাইল বেগের শক্তিশালী থেকে ক্ষতিকর দমকা হাওয়া ফিঙ্গার লেকস থেকে স্টেটজুড়ে লং আইল্যান্ড পর্যন্ত বিস্তার লাভ করে চলেছে। নর্থ কান্ট্রি ও মিড-হাডসন ভ্যালির কিছু অংশজুড়ে বায়ু প্রবাহ এই মানে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে, তবে বিকাল পর্যন্ত ঘন্টায় 50 মাইল বেগের দমকা হাওয়া থাকা সম্ভব। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট।

আজ বিকালে স্টেটের পশ্চিমাংশের পশ্চিম থেকে পূর্ব দিকে ক্রমান্বয়ে দমকা হাওয়া হ্রাস পেতে থাকবে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেকসে আজ সন্ধ্যা 6 টা নাগাদ দমকা হাওয়া ঘন্টায় 50 মাইল বেগের নিচে নামবে বলে আশা করা হচ্ছে। আরো পূর্বদিকের এলাকাগুলো আজ বিকাল পর্যন্ত বেশ ঝড়ো হাওয়ার মধ্যে থাকবে, সাথে থাকবে ঘন্টায় 45 থেকে 60 মাইল বেগের দমকা হাওয়া। এই ঝড়ো হাওয়ার দীর্ঘ স্থায়িত্বের কারণে, আজ সন্ধ্যার দিকে গাছপালা ও গাছের ডাল পড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। একটি হ্রদে একীভূত হওয়ার পূর্বে এই বিকাল পর্যন্ত তুষারপাত অব্যাহত থাকবে যার প্রভাবে তুষার ব্যান্ড হবে যেটি মোহাওক ভ্যালি এলাকায় নর্থ-সেন্ট্রাল নিউ ইয়র্কে প্রভাব রাখবে বলে আশা করা হচ্ছে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিস স্টেটের অধিকাংশ এলাকায় বেশ কিছু উচ্চ বায়ু প্রবাহের পর্যবেক্ষণ ও সতর্কতা জানানো অব্যাহত রাখবে। এছাড়া, রবিবার থেকে সোমবার শক্তিশালী বাতাসের ফলে পানিতে তীব্র ঢেউ সৃষ্টি হতে পারে বিধায় লেক ইরি ও অন্টারিও'র কাউন্টিগুলোতে লেকশোর ফ্লাড ওয়াচেস (Lakeshore Flood Watches) কার্যকর থাকবে। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস ওয়েবসাইট।

সন্ধ্যা 5:15 টা পর্যন্ত কাউন্টি অনুসারে বিদ্যুৎ বিভ্রাট

কাউন্টি	বিভ্রাট
অ্যালবেনি	6,321
অ্যালেগেনি	461
ব্রুম	274
ক্যাগুয়া	834
কলাম্বিয়া	878
কোর্টল্যান্ড	188
ডেলাওয়্যার	191
ডাচেস	2,950
ইরি	11,112
জেনেসি	622
গ্রিন	3,300
লুইস	204
ম্যাডিসন	773
মনরো	445
মন্টগোমারি	132
নাসাউ	1,406
নায়াগ্রা	568
ওনিডা	1,776
ওননডাগা	243
ওন্টারিও	390
অরেঞ্জ	1,737
অর্লিন্স	161
অসউইগু	3,139
অটসেগু	396
পাটনাম	446
কুইন্স	1,198
রেনসেলার	1,935
রকল্যান্ড	427

কাউন্টি	বিভ্রাট
সারাটোগা	530
স্কেনেকটেডি	2,385
স্কাইলার	117
স্টুবেন	832
সাফোক	2,088
সুলিভান	830
টিওগা	111
আলস্টার	8,355
ওয়ারেন	974
ওয়াশিংটন	412
ওয়েস্টচেস্টার	1,366
ওয়াইওমিং	233
ইয়েটস	100

ভ্রমণ সংক্রান্ত বিধিনিষেধ
নিম্নলিখিত ইন্টারস্টেট হাইওয়ে ও ব্রিজে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত খালি ট্র্যাক্টর ট্রেইলার ও টেন্ডেম চলাচল নিষিদ্ধ থাকবে:

থ্রুওয়ে হাইওয়েজ:

- এক্সিট 31 (ইউটিকা) ও এক্সিট 45 (রোচেস্টার - I-490) এর মধ্যবর্তী I-90

পোর্ট অথোরিটি ব্রিজ:

- বেঅন ব্রিজ

নিম্নলিখিত MTA ব্রিজে সন্ধ্যা 6 টা পর্যন্ত খালি ট্র্যাক্টর ট্রেইলার ও টেন্ডেম চলাচল নিষিদ্ধ থাকবে:

- রবার্ট এফ. ক্যানেডি ব্রিজ
- থ্রগস নেক ব্রিজ
- ভেরাজানো-ন্যারোস ব্রিজ
- ব্রংক্স-হোয়াইটস্টোন ব্রিজ
- হেনরি হাডসন ব্রিজ
- মেরিন পার্কওয়ে-গিল হজেস মেমোরিয়াল ব্রিজ
- ক্রস বে ভেটেরান্স মেমোরিয়াল ব্রিজ

এছাড়া, মোটরচালকদের স্টেটের এই আইন মনে রাখতে বলা হচ্ছে যার দ্বারা কোনো ইন্টারসেকশন যদি "ব্ল্যাকড আউট" হয়ে যায় এবং ট্রাফিক সিগনালটি কাজ না করে, তাহলে ইন্টারসেকশনটি স্বয়ংক্রিয়ভাবে "ফোর ওয়ে" স্টপ হয়ে যাবে। বন্যা, তার ছিড়ে পড়া বা ধ্বংসাবশেষের জন্য যদি রাস্তাঘাট বন্ধ বা আটকে যায়, মোটরচালকদের সতর্কতার সাথে কাজ করার উপদেশ দেওয়া হচ্ছে এবং সব ট্র্যাফিক সাইন ও ব্যারিকেড মেনে চলতে বলা হচ্ছে এমনকি যদি রাস্তা সাফ মনে হয় তখনো।

এছাড়া, মোটরচালকদের স্টেটের এই আইন মনে রাখতে বলা হচ্ছে যার দ্বারা কোনো ইন্টারসেকশন যদি "ব্ল্যাকড আউট" হয়ে যায় এবং ট্রাফিক সিগনালটি কাজ না করে, তাহলে ইন্টারসেকশনটি স্বয়ংক্রিয়ভাবে "ফোর ওয়ে" স্টপ হয়ে যাবে। বন্যা, তার ছিড়ে পড়া বা ধ্বংসাবশেষের জন্য যদি রাস্তাঘাট বন্ধ বা আটকে যায়, মোটরচালকদের সতর্কতার সাথে কাজ করার উপদেশ দেওয়া হচ্ছে এবং সব ট্র্যাফিক সাইন ও ব্যারিকেড মেনে চলতে বলা হচ্ছে এমনকি যদি রাস্তা সাফ মনে হয় তখনো।

এজেন্সির প্রস্তুতি

<u>হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)</u>

স্টেটের জরুরি অপারেশন সেন্টার সক্রিয় আছে। ডিভিশনটি এছাড়া স্টেট এজেন্সি ও স্থানীয় সরকারের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে যাতে করে স্টেটের দশটি আঞ্চলিক মজুদ ঝড়ের পুরো সময় জুড়ে বিতরণের জন্য সুলভ থাকে। বর্তমানে সংরক্ষিত মজুদগুলো সহায়তার আবেদনে সাড়া দিতে প্রস্তুত রয়েছে, মজুদগুলোর মধ্যে রয়েছে:

- 725টির বেশি জেনারেটর
- 1,250টির বেশি পাম্প
- 2 মিলিয়নের বেশি বালুর বস্তা
- 19 টি স্যান্ডব্যাগার
- 6,700 ফুটেরও বেশি পানির বাঁধ (Aquadam)

<u>জনসেবা অধিদপ্তর</u>

ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস উপযোগ বিভাগের ঊর্ধ্বতন কার্যনির্বাহীর সাথে যোগাযোগ রাখছেন কারণ তারা বিদ্যুৎ বিভ্রাট কমাতে এবং বিভ্রাট পুনরুদ্ধার কাজ ত্বরান্বিত করতে চায়। সেবার ব্যাঘাত ঘটলে তা সর্বনিম্ন রাখার জন্য বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি ও ভেরিজোনের (Verizon) মতো টেলিযোগাযোগ সেবা প্রদানকারীরা অতিরিক্ত কর্মী মোতায়েন করেছে।

নিউ ইয়র্কের উপযোগ সংস্থাগুলোতে 7,000 জনেরও বেশি কর্মী সেবা পুনর্বহাল কাজের জন্য প্রস্তুত রয়েছে, এছাড়া 1,700 জনেরও বেশি বহিরাগত লাইন ও গাছ কাটার কর্মীকে এই ঘটনায় ক্ষতিগ্রস্ত এলাকায় মোতায়েনের জন্য নিয়ে আসা হয়েছে। উপযোগ সংস্থাগুলো প্রয়োজন অনুসারে পুনর্বহাল কর্মী মোতায়েন করছে। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করতে থাকবে। পুন:স্থাপন প্রচেষ্টা ব্যহত করতে পারে এমন টানা ঝড়ো বাতাসের ফলে দীর্ঘমেয়াদী লোডশেডিংয়ের আশংকা থেকে সেবা সংস্থাগুলো বাড়তি সংস্থান নিশ্চিতের চেষ্টা করে যাবে।

বিদ্যুৎ ব্যাঘাতের ক্ষেত্রে যদি তাদের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা বাস্তবায়ন করতে হয় তাহলে ইউটিলিটিগুলি দিনে 24 ঘন্টা কাজ করার জন্য প্রস্তুত আছে, যার মধ্যে রয়েছে লাইফ-সাপোর্টে থাকা কাস্টোমারদের সাথে এবং অন্যান্য জরুরি অবস্থার কাস্টোমারদের যোগাযোগ করা। নিউ ইয়র্কের অধিবাসীদেরকে কয়েক-দিন-ব্যাপী লোডশেডিং-এর জন্য প্রস্তুত থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

অধিদপ্তরের কল সেন্টার হেল্পলাইন পাওয়া যাবে এখানে ফোন করে (800) 342-3377। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের পুরো সময়ে ঝড়ের প্রভাব ও ইউটিলিটি পুনঃস্থাপন কার্যক্রম পর্যবেক্ষণ করবে এবং প্রতিবেদন দিবে এবং প্রয়োজন হলে মাঠপর্যায়ে কাজ করবে।

পুনঃস্থাপন সময়কালে অধিদপ্তরের কর্মীরা ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। ইউটিলিটিগুলি ঘটনার পুরো সময়ে বিদ্যুৎ ব্যাঘাতের প্রতিক্রিয়ায় প্রস্তুত।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA)

নায়াগ্রাতে, নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (NYPA) জন-নিরাপত্তা এবং নায়াগ্রা পাওয়ার প্ল্যান্টের আশেপাশে নায়াগ্রা নদীর বন্যা প্রতিরোধ ও নিবারণে গুরুত্ব দেয়। NYPA এমন উপকরণ প্রস্তুত করছে যাতে আইস বুমের যেকোনো প্রয়োজনীয় মেরামত কাজের জন্য প্রস্তুতি নেয়া যায় এবং প্রয়োজন হলে বরফ গলানো যায়। মনে রাখা গুরুত্বপূর্ণ যে আইস বুমগুলো এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে এগুলো উষ্চ বায়ু প্রবাহ ও পানির উষ্চ স্তরের সময় ডুবন্ত অবস্থায় থাকে, যাতে বরফ বুমটি টপকে যেতে পারে। উষ্চ বায়ু প্রবাহের সময় আইস বুমের পন্টুনগুলোর বাঁধন ঢিলা হয়ে যাওয়া অস্বাভাবিক নয়। ঢিলা পন্টুনের মানে আইস বুম ভেঙে যাওয়া নয়, বা পরিকল্পনা অনুসারে কাজ না করা নয়। এই সকাল পর্যন্ত, দক্ষিণ পশ্চিম থেকে সোজা পশ্চিম দিকে বায়ু প্রবাহের গতির পরিবর্তন বরফকে বুমের উপরে ধাক্কা দেয়া থেকে বিরত রাখতে সাহায্য করছে।

NYPA এই উষ্চ বায়ু প্রবাহের জন্য এর সব সুযোগ-সুবিধা ও কার্যক্রম প্রস্তুত রেখেছে এবং গ্রিডের নির্ভরযোগ্যতা টিকিয়ে রাখতে অবিরাম নিরাপদ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। NYPA বিতরণ কর্মীগণ বিতরণ ব্যবস্থায় কোনো বিঘ্ন ঘটলে তা মোকাবেলার জন্য প্রস্তুত রয়েছে। NYPA এছাড়া পৌর সেবা সংস্থা এবং বিনিয়োগ-মালিকানাধীন সংস্থাগুলোর সাথেও যোগাযোগ রাখছে যাতে লোডশেডিং মোকাবেলায় প্রয়োজন মাফিক যৌথ উদ্যোগের ব্যাপারে সমন্বয় করা যায়। NYPA উপযোগ সংস্থা ও জরুরি ব্যবস্থাপনা অংশীদারদের সাথে যোগাযোগ চালিয়ে যাবে এবং আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করে যাবে।

এছাড়া ক্যানেল কর্পোরেশনও (Canal Corporation) আবহাওয়ার তদারক করছে এবং প্রয়োজনে বন্যা বা বরফ জমে যাওয়ার পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত আছে।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)

স্টেটব্যাপী 3,900 জনেরও বেশি সুপারভাইজার ও অপারেটর ছাড়াও, ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের বর্তমানে স্টেটব্যাপী 1,590 টি বড় ডাম্প ট্রাক, 34 টি ট্র্যাকড এক্সক্যাভেটর, 17 টি সিউয়ার জেট যুক্ত ভ্যাকুয়াম ট্রাক, 328 টি বড় লোডার, 79 টি চিপার, 53 টি ট্রাফিক সিগনাল ট্রাক, 15 টি ট্রি ক্রু বাকেট ট্রাক এবং 45 টি সাঁড়াশি যুক্ত লোডার আছে।

তাছাড়া, গুরুত্বপূর্ণ এলাকায় সাড়াদান কার্যক্রমে সহায়তার জন্য, 15 টি উড চিপার, 4 টি ট্রাফিক সিগনাল ট্রাক, 1 টি তুরপুন ট্রাক, 1 টি ট্রি ক্রু বাকেট ট্রাক, 1 টি মাঝারি ওজনের সাধারণ ট্রাক, 27 টি বহনযোগ্য

বিভিন্ন ধরনের সংকেত বার্তা এবং 13 জন কর্মী - যার মধ্যে, 8 জন ট্রাফিক সিগনাল টেকনিশিয়ান, 3 জন গাছ কাটার কর্মী এবং 2 জন ICS সাপোর্ট স্পেশালিস্টকে সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস ও ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে মোতায়েন করা হয়েছে।

কর্মীগণ সড়কপথে টহল দিচ্ছে এবং আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। অধিকাংশ বসবাসের এলাকা তুষার ও বরফ তাড়ানোর সক্রিয় কার্যক্রমের আওতায় রয়েছে, প্রয়োজন অনুসারে সড়কগুলো পরিষ্কার করা হচ্ছে। শিকল করাত, জেনারেটর এবং ঝড়ের সময় সাড়াদান কার্যক্রমের জন্য অন্যান্য সরঞ্জামের পাশাপাশি আবর্জনা অপসারণের জন্য অতিরিক্ত ট্রাক প্রস্তুত আছে।

ক্যাপিটাল এলাকায় বর্তমানে তিনটি ডার্ক ট্রাফিক সিগনাল রয়েছে, একটি মোহাওক ভ্যালিতে, একটি সেন্ট্রাল নিউ ইয়র্কে এবং পাঁচটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে। যত তাড়াতাড়ি সম্ভব সংকেতগুলো মূল্যায়ন ও পুনরায় বিদ্যুৎ সংযোগের জন্য ডিপার্টমেন্ট স্থানীয় মিউনিসিপ্যালিটি ও উপযোগ বিভাগকে সাহায্য করছে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথারিটি ঝড়ো বাতাস সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেট জুড়ে 667 জন অপারেটর ও সুপারভাইজার, ছোট থেকে মাঝারি আকারের খননযন্ত্র, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার, এবং বেশ কিছু বহনযোগ্য VMS বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও উপকরণ টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে। নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে ঝড়ো বাতাস সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত রয়েছে। থ্রুওয়েতে আবহাওয়া পরিস্থিতির ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকম বার্তা চিহ্ন, হাইওয়ে পরামর্শ রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ই-মেইলের জন্য সাইন আপ করতে পারেন নিচের লিঙ্ক অনুসরণ করে যা থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে: www.thruway.ny.gov/tas/index.shtml. রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

মহানগর পরিবহন কর্তৃপক্ষ (MTA)

MTA ক্রমাগত বায়ু প্রবাহ ও সড়কের অবস্থা পর্যবেক্ষণ করছে এবং MTA এর ব্রিজগুলোতে সোমবার সন্ধ্যা 6 টা পর্যন্ত খালি ও ট্যান্ডেম ট্রেইলারগুলো চলাচলের প্রতি নিষেধাজ্ঞা আছে। MTA এর অনেক ব্রিজে গতিসীমা নির্ধারণ করা আছে এবং ক্রমাগত উচ্চ বায়ু প্রবাহের কারণে, ব্রংক্স-হোয়াইটস্টোন ব্রিজ ও ভেরাযানো-ন্যারোস ব্রিজে যান চলাচলে বিধি-নিষেধ আছে যার মধ্যে আছে ট্রেইলার, কার পুলিং ট্রেইলার, মোটরসাইকেল এবং অন্যান্য যানবাহন যেগুলোর কার্গো বা অন্য কোনো কারণে সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকি আছে বলে মনে হয়। মোটরচালকদের ব্রিজ সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে new.mta.info তে চোখ রাখা অথবা ক্ষুদে বার্তা বা ইমেইল অ্যালার্টের জন্য www.mymtaalerts.com/ তে সাইন আপ করা উচিত। MTA এর ব্রিজ ও টানেলগুলোতে প্রয়োজনে স্টেট পুলিশ, ন্যাশনাল গার্ড ও NYPD MTA কর্মীদের সহায়তা করতে পারে।

ট্র্যাক ও সিগনাল মেইনটেইনারের মতো জরুরি কাজে সাড়াদানকর্মীর পাশাপাশি উন্মুক্ত স্থানে পতিত গাছ ও তার সরানোর কাজে লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road), মেট্রো-নর্থ রেল রোড (Metro-North Rail Road) ও নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit) এর কর্মী প্রস্তুত আছে।

<u>নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)</u>
স্টেট ট্রুপারগণ খালি ট্রেইলার চলাচলের নিষেধাজ্ঞা লঙ্ঘনের ব্যাপারে বাণিজ্যিক যানবাহন অপারেটরদের কাছে 70 টিরও বেশি দৃষ্টান্ত উল্লেখ করেছে। উক্ত বিভাগ ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে প্রয়োজন-মাফিক অতিরিক্ত ট্রুপার মোতায়েন করবে, এবং সব কমার্শিয়াল ভেহিকল এনফোর্সমেন্ট ইউনিট (Commercial Vehicle Enforcement Unit) ও ট্রাফিক ইনিসিডেন্ট ম্যানেজমেন্ট (Traffic Incident Management) পেট্রোল প্রতিকূল আবহাওয়া চলাকালীন সক্রিয়ভাবে নিয়োজিত থাকবে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজে নিয়োগ করা হয়েছে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি টাস্ক যানের (Utility Task Vehicles) মত বিশেষ গাড়ি কাজে নিয়োজিত হওয়ার জন্য তৈরি আছে।

<u>ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation)</u>
ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসারভেশন পুলিশ অফিসার্স (Department of Environmental Conservation Police Officers), ফরেস্ট রেঞ্জার্স (Forest Rangers), ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Emergency Management) স্টাফ, ও আঞ্চলিক কর্মীগণ সবাই সতর্কাবস্থায় রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন। একুশ জন করাত-কর্মী স্টেটের গুরুত্বপূর্ণ অঞ্চলসমূহের কৌশলগত স্থানগুলোতে অবস্থান নিয়েছে এবং যেকোনো গাছ অপসারণ ও পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে। এছাড়া, স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ বিদ্যমান সকল সংস্থান যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

নিরাপত্তা পরামর্শ

বিদ্যুৎ চলে গেলে, নিউ ইয়র্কের অধিবাসীদের উচিত:

- বিদ্যুৎ-চালিত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ বন্ধ করে রাখুন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিন, যেমন- কম্পিউটার, কারণ বিদ্যুৎ সরবরাহ সাময়িক বেড়ে গেলে তা আপনার যন্ত্রকে নষ্ট করে দিতে পারে। একটি বাতির সুইচ চালু করে রাখুন যাতে বিদ্যুৎ ফিরে আসলে আপনি জানতে পারেন। যখনই বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করবেন, বিদ্যুৎ সার্জ প্রটেক্টর ব্যবহার করুন।
- বিদ্যুৎ চলে গেলে সেবা সংস্থাকে ফোন করুন এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় বেতার সম্প্রচার শুনুন। নিউ ইয়র্ক স্টেটে উপযোগ সংস্থাগুলোর একটি তালিকা পেতে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসে ভিজিট করুন।
- আপনার প্রতিবেশীদের বিদ্যুৎ আছে কিনা দেখুন। যোগাযোগ সহায়তা ও ফাংশনাল সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের খোঁজ নিন।
- জরুরি আলো জ্বালানোর জন্য কেবল ফ্ল্যাশলাইট ব্যবহার করুন – মোমবাতি থেকে আগুন লাগার ঝুঁকি রয়েছে।

- রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন – রেফ্রিজারেশন প্রয়োজন এমন বেশিরভাগ খাবার রেফ্রিজারেটরের দরজা বন্ধ অবস্থায় কয়েক ঘন্টা নিরাপদ থাকে। দরজা বন্ধ অবস্থায় রেফ্রিজারেটর কমপক্ষে চার (4) ঘন্টা খাবার ঠাণ্ডা রাখে। একটি পূর্ণাঙ্গ ফ্রিজার প্রায় 48 ঘন্টার জন্য তাপমাত্রা ধরে রাখবে।
- ঘর গরম করার জন্য কয়লার গ্রিল ইনডোর এবং গ্যাস স্টোভ ব্যবহার করবেন না – এগুলো থেকে ক্ষতিকর মাত্রার কার্বন মনোঅক্সাইড ছড়াতে পারে।
- ঠাণ্ডা আবহাওয়ায়, কয়েক স্তরের জামা পরে এবং বাইরে কম সময় কাটানোর মাধ্যমে উষ্ণ থাকুন। ঠাণ্ডা-বাহিত বিভিন্ন উপসর্গ (যেমন, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং এ ধরনের কোনো উপসর্গ দেখা গেলে ডাক্তার দেখান।
- তীব্র গরমে, কোনো সিনেমা হল, শপিং মল বা শীতল আশ্রয়কেন্দ্রে যেতে পারেন। বাড়িতে থাকলে, সবচেয়ে নিচের তলায় চলে যান – সেখানে ঠাণ্ডা বাতাস আসে। কম ওজনের, হালকা রংয়ের কাপড় পরিধান করুন এবং তেষ্টা না পেলেও প্রচুর পানি পান করুন।
- আপনি কোনো উঁচু ভবনে থাকলে, সিড়ি বেয়ে ভবনের সবচেয়ে নিচের তলায় নেমে যান। এলিভেটরে আটকে গেলে, সহায়তার জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন – এলিভেটরে প্রচুর বাতাস থাকে এবং এর ভেতরটা ব্যবহারকারির নিরাপত্তার কথা মাথায় রেখে তৈরি।
- আপনার পোষা প্রাণীকে সতেজ, ঠাণ্ডা পানি খাওয়াতে ভুলবেন না।
- অপ্রয়োজনীয় ভ্রমণ বাতিল করুন, বিশেষ করে গাড়িতে চড়ে। বিদ্যুৎ চলে গেলে ট্রাফিক বাতি কাজ করবে না, ফলে রাস্তায় জ্যাম লেগে যেতে পারে এবং গাড়ি চলাচলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। লোডশেডিং অবস্থায় আপনাকে যদি গাড়ি চালাতেই হয়, তাহলে ট্রাফিক সিগনাল অকেজো থাকা সংযোগ সড়কগুলোতে 4-মুখী থামার নিয়মটি মেনে চলবেন।
- মনে রাখবেন যে ব্যাংকের এটিএম (ATMs) মেশিন ও এলিভেটর কাজ নাও করতে পারে।
- দীর্ঘ সময়ের জন্য বিদ্যুৎ না থাকলে, অন্য আরেকটি স্থানে যাওয়ার পরিকল্পনা করুন, যেমন- কোনো আত্মীয় বা বন্ধুর বাসা, অথবা উষ্ণতার বন্দোবস্ত রয়েছে এমন কোনো সরকারি ভবন।

আবহাওয়া পরিভাষার পূর্ণাঙ্গ তালিকা ও লোডশেডিংয়ের পূর্বে, লোডশেডিং চলাকালীন ও পরবর্তীতে প্রস্তুতি সংক্রান্ত ধারণার জন্য, হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)-এর ওয়েবসাইটটি পরিদর্শন করুন http://www.dhses.ny.gov/oem/safety-info/outage/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন